# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা ২৫/২০১৮-১৯**

**ঢাকা, বৃহস্পতিবার, ২ আগস্ট ২০১৮, ১৮ শ্রাবণ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। গণমাধ্যমকে দায়িত্বশীল ভূমিকা রাখার আহ্বান রাষ্ট্রপতির

২। দেশের চলমান উন্নয়ন ও অগ্রগতির ধারা অব্যাহত রাখতে দেশবাসীর সহযোগিতা কামনা প্রধানমন্ত্রীর

৩। জাতিসংঘের সহযোগিতা অব্যাহত থাকবে বলে আশাবাদ স্পিকারের

৪। মন্ত্রিসভা কমিটিতে ভারত থেকে ৩শ' বাস কেনাসহ চার ক্রয় প্রস্তাব অনুমোদন

৫। বর্তমান সরকার চীনা বিনিয়োগকারীদের জন্য চট্টগ্রামে
একটি বিশেষ অর্থনৈতিক অঞ্চল গড়ে তুলছে : চীনা রাষ্ট্রদূতের সাথে সাক্ষাতে শিল্পমন্ত্রী

৬। নতুন আইনে সড়কে শৃঙ্খলা ফিরবে : আইনমন্ত্রী

৭। দাবি মানার আশ্বাস প্রদান করে শিক্ষার্থীদের ক্লাসে ফেরার অনুরোধ স্বরাষ্ট্রমন্ত্রীর
জাবালে নূরের মালিক গ্রেফতার ও পরিবহণটির রুট পারমিট বাতিল করেছে বিআরটিএ

৮। সকল শিক্ষাপ্রতিষ্ঠান আজ বন্ধ থাকবে
শিক্ষা কার্যক্রমে সহযোগিতার অনুরোধ শিক্ষামন্ত্রীর

৯। সড়ক পরিবহণ আইন পাশ হলে কঠিন পদক্ষেপ নেওয়া সম্ভব : সেতুমন্ত্রী

১০। বঙ্গবন্ধু রাজনীতিতে গুণগত পরিবর্তন এনেছিলেন : জাতীয় শোক দিবসের উদ্বোধন অনুষ্ঠানে সংস্কৃতিমন্ত্রী

১১। সৌদিতে আইওটি পণ্য রপ্তানি বাংলাদেশের ঐতিহাসিক অর্জন : তথ্যপ্রযুক্তি মন্ত্রী

১২। পিএসসি'র অধীনে পরীক্ষার মাধ্যমে ক্যাডারভুক্তির সুযোগ রেখে
'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকৃত বিধিমালা ২০১৮' জারি

চলমান পাতা-২



১। গণমাধ্যমকে দায়িত্বশীল ভূমিকা রাখার আহ্বান রাষ্ট্রপতির

প্রযুক্তির অপব্যবহার রোধে গণমাধ্যমকে দায়িত্বশীল ভূমিকা রাখার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। গতকাল (১ আগস্ট বুধবার) ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) কার্যনির্বাহী কমিটি বঙ্গভবনে সাক্ষাৎ করতে গেলে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। রাষ্ট্রপতি সাংবাদিকদের কল্যাণে ডিআরইউ'র বিভিন্ন কর্মসূচির প্রশংসা করেন এবং সাংবাদিকদের পেশাগত দক্ষতা বৃদ্ধিতে আরো বেশি কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান। এর আগে নারী সাংবাদিক কেন্দ্রের সভাপতি নাসিমুন আরা হকের নেতৃত্বে ১০ সদস্যের প্রতিনিধিদল রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করেন। রাষ্ট্রপতি এ সময় বলেন, নারীর ক্ষমতায়নে সাংবাদিক, বিশেষকরে নারী সাংবাদিকরা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। তিনি নারীর ক্ষমতায়ন আরো সুদৃঢ় করতে তরুণ প্রজন্ম যাতে সাংবাদিকতা পেশায় এগিয়ে আসে, সে লক্ষ্যে তাদের উদ্বুদ্ধ করার আহ্বান জানান। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **প্রথম আলো** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৩)।

২। **দেশের চলমান উন্নয়ন ও অগ্রগতির ধারা অব্যাহত রাখতে দেশবাসীর সহযোগিতা কামনা প্রধানমন্ত্রীর**

দেশের চলমান উন্নয়ন ও অগ্রগতির ধারা অব্যাহত রাখতে দেশবাসীর সহযোগিতা ও দোয়া কামনা করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ আজ সবদিক থেকে এগিয়ে যাচ্ছে, আরও এগিয়ে যাবে। বাংলাদেশের অগ্রযাত্রার এ গতি যেন থেমে না যায়। অগ্রগতির এ ধারা বজায় রেখে বঙ্গবন্ধুর আদর্শ ও স্বপ্নের ক্ষুধা-দারিদ্র্যমুক্ত, উন্নত ও সুখী-সমৃদ্ধ সোনার বাংলা গড়ে তুলবই। গতকাল (১ আগস্ট বুধবার) ধানমণ্ডি ৩২ নম্বরের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে কৃষক লীগ আয়োজিত স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি ও আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ,২,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

৩। **জাতিসংঘের সহযোগিতা অব্যাহত থাকবে বলে আশাবাদ স্পিকারের**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বাংলাদেশের উন্নয়ন ও অগ্রগতিতে জাতিসংঘের সহযোগিতার প্রশংসা করে আগামীতেও এ সহযোগিতা অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন। গতকাল (১ আগস্ট বুধবার) জাতীয় সংসদ ভবনে স্পিকারের সঙ্গে সাক্ষাৎ করেন বাংলাদেশে জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী ও জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি) এর আবাসিক প্রতিনিধি মিয়া সেপ্পো। সাক্ষাৎকালে তারা বাল্যবিবাহ ও ইয়ুথ পার্লামেন্টারিয়ান, রোহিঙ্গা ইস্যুসহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। সূত্র : **সংবাদ** (পৃ.২,ক.৬)।

৪। **মন্ত্রিসভা কমিটিতে ভারত থেকে ৩শ' বাস কেনাসহ চার ক্রয় প্রস্তাব অনুমোদন**

দেশের গণপরিবহণের চাহিদা মেটাতে ভারত থেকে ৩০০ দ্বিতল-একতলা, এসি-ননএসি বাস কেনার প্রস্তাবসহ ৪টি ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। এতে মোট ব্যয় হবে ৭৭৯ কোটি ৬৫ লাখ টাকা। গতকাল (১ আগস্ট বুধবার) সচিবালয়ের মন্ত্রিপরিষদকক্ষে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে সরকারি ক্রয়-সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে প্রস্তাবগুলোর অনুমোদন দেওয়া হয়েছে। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৭)।

৫। **বর্তমান সরকার চীনা বিনিয়োগকারীদের জন্য চট্টগ্রামে একটি বিশেষ অর্থনৈতিক অঞ্চল গড়ে তুলছে : চীনা রাষ্ট্রদূতের সাথে সাক্ষাতে শিল্পমন্ত্রী**

বাংলাদেশে জ্ঞানভিত্তিক শিল্পায়নের ধারা জোরদারে চীনের কারিগরি ও প্রযুক্তিগত সহায়তা অব্যাহত থাকবে বলে জানিয়েছেন চীনা রাষ্ট্রদূত ঝাং জু। বাংলাদেশে নিযুক্ত চীনা রাষ্ট্রদূত গতকাল (১ আগস্ট বুধবার) শিল্পমন্ত্রী আমির হোসেন আমুর সাথে বৈঠককালে এ কথা জানান। বৈঠকে বাংলাদেশের শিল্পখাতে চীনা বিনিয়োগ বৃদ্ধি, প্রযুক্তি স্থানান্তর, চীনের অত্যাধুনিক কারখানা বাংলাদেশে স্থানান্তরসহ অন্যান্য বিষয় আলোচনায় স্থান পায়। সাক্ষাতকালে শিল্পমন্ত্রী বলেন, বর্তমান সরকার চীনা বিনিয়োগকারীদের জন্য চট্টগ্রামে একটি বিশেষ অর্থনৈতিক অঞ্চল গড়ে তুলছে। এতে চীনের উদ্যোক্তারা পরিবেশবান্ধব ও উচ্চ প্রযুক্তির শিল্পস্থাপনে এগিয়ে আসতে পারে। তিনি চীনা ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে বাস্তবায়িত শাহজালাল ফার্টিলাইজার প্রকল্পের খুচরা যন্ত্রাংশ সরবরাহ এবং সাভার চামড়া শিল্পনগরির কেন্দ্রীয় বর্জ্য শোধনাগারের (সিইটিপি) নির্মাণকাজ দ্রুত সম্পন্ন করতে চীনা রাষ্ট্রদূতের দৃষ্টি আকর্ষণ করেন। চীনের রাষ্ট্রদূত বাংলাদেশের শিল্পখাতের আধুনিকায়ন, জনবলের কারিগরি দক্ষতা বৃদ্ধি এবং এসএমইখাতের মানোন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় সহায়তা প্রদানের প্রতিশ্রুতি দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৭), **সংবাদ** (পৃ.১৪,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

৬। **নতুন আইনে সড়কে শৃঙ্খলা ফিরবে : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, পরিবহণখাতে শৃঙ্খলা ফিরিয়ে আনতে নতুন আইন করা হচ্ছে। এ আইনে চালকদের লাইসেন্স, ফিটনেসবিহীন গাড়িসহ নানা নিয়মনীতি অন্তর্ভুক্ত থাকবে। আইনটি পাশ হলে সড়কে শৃঙ্খলা ফিরবে। তিনি বলেন, গতকাল (১ আগস্ট বুধবার) আইনের খসড়াটি সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ে পাঠিয়ে দেওয়া হয়েছে।

এখন ঐ মন্ত্রণালয় আইনটি মন্ত্রিসভায় উপস্থাপন করবে। প্রধানমন্ত্রী চান এটা দ্রুত উপস্থাপিত হোক। এ আইন যদি সংসদে পাশ হয়, তাহলে সবাই ন্যায়বিচার পাবেন। গতকাল (১ আগস্ট বুধবার) সচিবালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের প্রশ্নের জবাবে আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৭। দাবি মানার আশ্বাস প্রদান করে শিক্ষার্থীদের ক্লাসে ফেরার অনুরোধ স্বরাষ্ট্রমন্ত্রীর**
**জাবালে নূরের মালিক গ্রেফতার ও পরিবহণটির রুট পারমিট বাতিল করেছে বিআরটিএ**

বিমানবন্দর সড়কে বাসচাপায় দুই শিক্ষার্থী নিহতের ঘটনায় নিরাপদ সড়ক নিশ্চিতের দাবিতে ছড়িয়ে পড়া বিক্ষোভ কর্মসূচি থেকে তুলে ধরা সব দাবি মেনে নেওয়ার ঘোষণা দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। তিনি এ কথা জানিয়ে শিক্ষার্থীদের সড়ক ছেড়ে বাসায় ফিরে যাওয়ার অনুরোধ করেছেন। রাজধানীতে গতকাল (১ আগস্ট বুধবার) চতুর্থ দিনের মতো শিক্ষার্থীদের সড়ক অবরোধের ফলে সৃষ্ট অচল অবস্থা নিরসনে পরিবহণ মালিক-শ্রমিকদের সঙ্গে সচিবালয়ে জরুরি বৈঠক করেন স্বরাষ্ট্রমন্ত্রী। স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্যের পরেই ঘাতক বাস জাবালে নূরের মালিক শাহাদাৎ হোসেনকে গ্রেফতার করেছে র‍্যাব। এছাড়া গত বুধবার বিআরটিএ কর্তৃপক্ষ জাবালে নূর পরিবহণের রুট পারমিট বাতিল করেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **প্রথম আলো** (পৃ.২,ক.৬), **নিউ এজ** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

**৮। সকল শিক্ষাপ্রতিষ্ঠান আজ বন্ধ থাকবে**
**শিক্ষা কার্যক্রমে সহযোগিতার অনুরোধ শিক্ষামন্ত্রীর**

আজ (২ আগস্ট বৃহস্পতিবার) দেশের সকল শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ ঘোষণার নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল (১ আগস্ট বুধবার) শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানদের এ সংক্রান্ত মৌখিক নির্দেশনা দেন শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইন। নিরাপদ সড়কের দাবিতে রাজধানীতে শিক্ষার্থীদের চলমান আন্দোলন ও উদ্ভূত পরিস্থিতিতে এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে বলে জানা গেছে। এমন পরিস্থিতিতে গতকাল (১ আগস্ট বুধবার) শিক্ষা মন্ত্রণালয়ে এক জরুরি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, বিমানবন্দর দুর্ঘটনার সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করা এবং সড়ক পরিবহণকে আরও সুশৃঙ্খল ও নিরাপদ করার লক্ষ্যে প্রধানমন্ত্রী ইতোমধ্যে কঠোর নির্দেশনা প্রদান করেছেন। সে অনুযায়ী স্বরাষ্ট্র মন্ত্রণালয় যথাযথ উদ্যোগ গ্রহণ এবং দোষী ব্যক্তিদের গ্রেফতার করেছে। শিক্ষামন্ত্রী সংশ্লিষ্ট সব শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীদের পাশে থেকে শিক্ষা কার্যক্রমে সহযোগিতা করার জন্য ভূমিকা রাখারও আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.৬)।

**৯। সড়ক পরিবহণ আইন পাশ হলে কঠিন পদক্ষেপ নেওয়া সম্ভব : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বাসচাপায় দুই শিক্ষার্থীর মৃত্যুর ঘটনায় নিরাপদ সড়কসহ বিভিন্ন দাবিতে আন্দোলনকারীরা যে বিক্ষোভ দেখাচ্ছে তা যৌক্তিক। তাদের আবেগের পেছনে বাস্তব কারণ আছে। গতকাল (১ আগস্ট বুধবার) সেতু ভবনে এক সংবাদ সম্মেলনে তিনি আরো বলেন, সড়কে শৃঙ্খলা ফেরাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবার নিজেই উদ্যোগ নিয়েছেন। সড়ক পরিবহণ আইন পাশ হলে লাগাম টেনে ধরার জন্য আরও কঠিন পদক্ষেপ নেওয়া সম্ভব হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.৭)।

**১০। বঙ্গবন্ধু রাজনীতিতে গুণগত পরিবর্তন এনেছিলেন : জাতীয় শোক দিবসের উদ্বোধন অনুষ্ঠানে সংস্কৃতিমন্ত্রী**

সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রাজনীতিতে গুণগত পরিবর্তন এনেছিলেন। তিনি প্রমাণ করেছিলেন ধর্মের ভিত্তিতে দেশ হয় না। তিনি রাজনীতিতে অসাম্প্রদায়িকতাকে যুক্ত করেছিলেন। আর যে কারণে তিনি আওয়ামী মুসলিম লীগ নামটি পরির্বতন করে আওয়ামী লীগ রেখেছিলেন। রাজনীতিতে তিনি দ্বিতীয় যে গুণগত পরিবর্তন এনেছিলেন সেটি হলো রাজনীতিতে অভিজাত সম্প্রদায়ের নিকট হতে সাধারণ শিক্ষিত মানুষের কাছে নিয়ে আসা। সে জন্য তিনি ছয় দফার মতো কর্মসূচি দিতে পেরেছিলেন আর যেটি পরবতীতে এক দফা-স্বাধীনতার দাবিতে পরিণত হয়। গতকাল (১ আগস্ট বুধবার) জাতীয় জাদুঘরে সুফিয়া কামাল মিলনায়তনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে জাতীয় জাদুঘর আয়োজিত অনুষ্ঠানমালা এবং বঙ্গবন্ধু স্মৃতি নির্দশন, গ্রন্থসমূহ ও মাসব্যাপী আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১)।

**১১। সৌদিতে আইওটি পণ্য রপ্তানি বাংলাদেশের ঐতিহাসিক অর্জন : তথ্যপ্রযুক্তি মন্ত্রী**

সৌদিতে আইওটি পণ্য রপ্তানি ডিজিটাল শিল্পবিপ্লবে বাংলাদেশের ঐতিহাসিক এক অর্জন বলে মন্তব্য করেছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার। তিনি বলেন, বাংলাদেশের প্রস্তুতকৃত আইওটি (ইন্টারনেট অব থিংকস) ভিত্তিক ডিভাইস এখন দেশের গন্ডি পেরিয়ে সৌদি আরবের পবিত্র নগরী মক্কায় পানি সরবরাহ সমস্যা নিরসনে

ব্যবহৃত হবে। চতুর্থ শিল্পবিপ্লবে বাংলাদেশের জন্য এটি এক ঐতিহাসিক অর্জন। গতকাল (১ আগস্ট বুধবার) বঙ্গবন্ধু হাইটেক, কালিয়াকৈরে দেশের প্রযুক্তিভিত্তিক প্রতিষ্ঠান ডাটা সফ্ট ম্যানুফ্যাকচারিং ও অ্যাসেম্বলিইন করপোরেশন প্রস্তুতকৃত একটি আইওটি ভিত্তিক ডিভাইস সৌদি আরবে রপ্তানি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ.১৪,ক. ৫), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.৬), **নিউ নেশন বিজনেস পাতা** (পৃ.১,ক.৫)।

**১২। পিএসসি'র অধীনে পরীক্ষার মাধ্যমে ক্যাডারভুক্তির সুযোগ রেখে 'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকৃত বিধিমালা ২০১৮' জারি**

সরকারি কর্মকমিশনের (পিএসসি) অধীনে পরীক্ষার মাধ্যমে ক্যাডারভুক্তির সুযোগ রেখে, 'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকৃত বিধিমালা ২০১৮' জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। গত ৩১ জুলাই এ বিধিমালা জারি হয়। এই বিধিমালা অনুযায়ী, জাতীয়করণ হতে যাওয়া বেসরকারি কলেজের শিক্ষকরাও শিক্ষা ক্যাডারে অন্তর্ভুক্ত হতে পারবেন। এজন্য তাদের পিএসসি'র অধীনে পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। নতুন এই বিধিমালার আলোকে দেশের ২৮৩টি বেসরকারি কলেজকে জাতীয়করণ করার আদেশ জারি হবে। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **যায়যায়দিন** (শেষ পৃ.,ক.২)।

### সম্পাদকীয়

ক. **ভোরের কাগজ, যুগান্তর যায়যায়দিন, সমকাল, জনকণ্ঠ, সংবাদ, ইত্তেফাক, ডেইলি সান, ডেইলি স্টার, নিউজ টুডে, নিউ নেশন :** বাসচাপায় দুই শিক্ষার্থী হত্যার ঘটনায় রাজধানীতে আন্দোলনকারী শিক্ষার্থীদের দাবি মেনে নিয়ে গণপরিবহণ চলাচলে যে অচলাবস্থা বিরাজ করছে তা নিরসনের ওপর গুরুত্বারোপ।

খ. **সমকাল, যায়যায়দিন, ইত্তেফাক :** সিরাজগঞ্জ সদর উপজেলার কালিয়া হরিপুর ইউনিয়নের কাদাই গ্রামে বাঁশের খুঁটিতে টাঙানো তারে বিদ্যুতায়িত হয়ে ঘটনাস্থলেই আটজনের প্রাণহানির ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনার পুনরাবৃত্তি রোধে প্রয়োজনীয় পদক্ষেপ নিশ্চিত করার সুপারিশ।

গ. **সংবাদ** : হাতিরঝিলে নকশাবহির্ভূত বিভিন্ন স্থাপনা গড়ে ওঠায় তা প্রকল্প এলাকার সৌন্দর্য নষ্ট করছে এবং পরিবেশের ওপর বিষয়টি বিরূপ প্রভাব ফেলছে উল্লেখ করে অবিলম্বে এসব স্থাপনা চিহ্নিত করে আইনানুগ ব্যবস্থা নেওয়ার দাবি।

ঘ. **প্রথম আলো :** আমেরিকান চেম্বার অব কমার্স ইন বাংলাদেশের এক অনুষ্ঠানে দেশের চাহিদার ৯৭ শতাংশ মিটিয়ে বিশ্বের ১৪৪টি দেশে ওষুধ রপ্তানি হওয়ার তথ্যের প্রশংসা করে এ সাফল্যের ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **বণিক বার্তা** : ওষুধ কোম্পানিগুলো চিকিৎসকদের পেশাগত বা পেশাবহির্ভূত নানা উপহার দিচ্ছে উল্লেখ করে এক্ষেত্রে বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিলের নীতিমালা অনুযায়ী রোগীর ব্যবস্থাপত্রে পেশাগত দৃষ্টিকোণ থেকে ওষুধ লেখার যে নির্দেশনা তা মেনে চলার আহবান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

চ. **ডেইলি সান :** দেশের অর্থনীতি গতিশীল করতে কেন্দ্রীয় ব্যাংকের জুলাই থেকে ডিসেম্বর পর্যন্ত সতর্কতামূলক মুদ্রানীতি ঘোষণার বিষয় তুলে ধরে তা যথাযথভাবে প্রয়োগের সুপারিশ ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** শিক্ষার্থীদের মাঝে বিজ্ঞান শিক্ষা জনপ্রিয় করতে শিক্ষকদের বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করাসহ শিক্ষকদের বিজ্ঞান শিক্ষার্থীদের প্রতি বিশেষ মনোযোগ প্রদানের আহবান।

জ. **নিউএজ :** সৌদি আরবসহ অন্যান্য দেশে কর্মরত অবস্থায় বাংলাদেশি নারী কর্মীরা শারীরিক ও মানসিকভাবে নিগৃহীত হওয়া ও মারা যাওয়ার বিষয়ে ৩০ দিনের মধ্যে রিপোর্ট দিতে সরকারের প্রতি হাইকোর্টের নির্দেশনা তুলে ধরে বিদেশে নারী কর্মীদের নিরাপত্তা নিশ্চিতকরণের ব্যবস্থা করার সুপারিশ।

ঝ. **নিউ নেশন :** কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক ব্যাংকিংখাতে চার হাজার কোটি টাকার আর্থিক অব্যবস্থাপনা চিহ্নিত করে আইনশৃঙ্খলাবাহিনীকে দুর্বৃত্তদের বিষয়ে পদক্ষেপ গ্রহণের যে আহ্বান জানানো হয়েছে, তার যথাযথ বাস্তবায়নের প্রত্যাশা।

### উপসম্পাদকীয়

**আলোকিত বাংলাদেশ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সড়ক দুর্ঘটনারোধে যানবাহন চলাচলে কঠোর শৃঙ্খলার বিকল্প নেই।

### নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'মানসম্মত শিক্ষা ও বিশ্ববিদ্যালয়ে ভর্তি'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, এইচএসসির পর শিক্ষার্থীদের উচ্চশিক্ষার পথ কণ্টকমুক্ত করতে হলে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষার মান বৃদ্ধির পাশাপাশি সেখানকার টিউশন ফি যথাসম্ভব হ্রাস করতে হবে।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা